প্রভাতী বাংলা সংবাদ, আকাশবাণী আগরতলা- ১৫ ই ডিসেম্বর, ২০১৭

সুপ্রীমকোর্ট :

১০,৩২৩ শিক্ষক মামলা নিয়ে সুপ্রীমকোর্ট গতকাল চূড়ান্ত রায় প্রদান করেছে। চাকুরিচ্যুত শিক্ষকদের চাকুরীর মেয়াদ আরো এক বছর বৃদ্ধি করার জন্য রাজ্য সরকার সম্প্রতি সুপ্রীমকোর্টে আপিল করে। বিচারপতি আদর্শ কুমার গোয়েল ও বিচারপতি উদয় উমেশ ললিতকে নিয়ে গঠিত ডিভিশন বেঞ্চে গতকাল ঐ আপিলের উপর শুনানী শেষ হয়। শুনানী শেষে সুপ্রিমকোর্টের চূড়ান্ত রায়ে বলা হয়, আগামী ৩১শে ডিসেম্বর শিক্ষকদের চাকুরী বাতিলের বিষয়ে চলতি বছরের ২৯শে মার্চ শীর্ষ আদালত যে রায় দিয়েছিল তা বহাল রইল। এর ফলে ১০,৩২৩ শিক্ষক-শিক্ষিকাদের বর্তমান চাকুরীর মেয়াদ আগামী ৩১শে ডিসেম্বর শেষ হয়ে যাবে। তারপর রাজ্য সরকার এই সমস্ত শিক্ষক-শিক্ষিকাদের ২০১৮ সালের ৩০শে জুন পর্যন্ত অর্থাৎ আগামী ৬ মাসের জন্য এডহক ভিত্তিতে নিয়োগ করতে পারবে বলে সুপ্রিমকোর্টের রায়ে উল্লেখ করা হয়েছে। এদিকে, শিক্ষামন্ত্রী তপন চক্রবর্তী মহাকরণে সাংবাদিক সম্মেলনে জানান, শিক্ষাদপ্তরে ১২ হাজার পদে নিয়োগ নিয়ে সুপ্রিমকোর্টে মামলাটির পরবর্তী শুনানী হবে আগামী ১৬ই জানুয়ারী। শিক্ষামন্ত্রী বলেন, ২৯শে মার্চ, ২০১৭ সুপ্রিমকোর্টের রায়ের পর জি টি, পি জি টি বং ইউ জি টি মিলে রাজ্যে প্রায় ১৪ হাজার পদ খালি ছিল।

সুপ্রিমকোর্টের নির্দেশে রাজ্যের টিচার রিক্রুটমেন্ট বোর্ড (টি আর বি টি) কাজ করছে। টিচার রিক্রুটমেন্টের একটি পর্যায়ের কাজ শেষ হয়েছে। এতে সর্বসাকুল্যে ১৯২০ জন শিক্ষক শিক্ষিকা টি আর বি টি-র মাধ্যমে নির্বাচিত হয়েছেন। শিক্ষা দপ্তর থেকে তাঁদের অফার দেওয়া হয়েছে।

শিক্ষামন্ত্রী বলেন, ১০,৩২৩ জন শিক্ষক-শিক্ষিকার চাকরির মেয়াদ শেষ হওয়ার ফলে পয়লা জানুয়ারী, ২০১৮ থেকে বিদ্যালয়গুলিতে বিশাল সংখ্যক শিক্ষক শিক্ষিকার অনুপস্থিতিতে পঠন-পাঠনের যে অসুবিধার সৃষ্টি হবে, তা অনুধাবন করে সুপ্রিমকোর্ট যেন ১০,৩২৩ জন শিক্ষক-শিক্ষিকার চাকরির মেয়াদ এক বছর বৃদ্ধি করে সে জন্য আবেদন জানিয়েছিল রাজ্য সরকার।

****

বিদ্যুৎমন্ত্রী :

রাজ্যের বিদ্যুৎমন্ত্রী মানিক দে গতকাল বিকালে কৈলাসহরে একটি নবনির্মিত বিদ্যুৎ সাব-স্টেশনের উদ্বোধন করেন। এটি রাজ্যের ৪৮তম বিদ্যুৎ সাব-স্টেশন। এর নির্মাণে ব্যয় হয়েছে ৪ কোটি ৭০ লক্ষ টাকা।

উদ্বোধকের ভাষণে বিদ্যুৎমন্ত্রী বলেন, বর্তমানে রাজ্যের ২৫০ থেকে ৩০০ জনবসতি বিদ্যুৎহীন থাকলেও আগামী দু'বছরের মধ্যে

সেখানেও বিদ্যুৎ পৌঁছুবে। তিনি দাবী করেন, অঘোষিতভাবে দেশের মধ্যে পঞ্চম শেডিংমুক্ত রাজ্য হচ্ছে ত্রিপুরা। নতুন বিদ্যুৎ সাব-স্টেশন স্থাপনের ফলে এই অঞ্চলে উচ্চ গুণগতমানের বিদ্যুৎ পাবেন ভোক্তারা, বলে তিনি জানান।

অনুষ্ঠানে জিলা সভাধিনেত্রী কল্পনা দেবনাথ, ত্রিপুরা বিদ্যুৎ নিগমের কারিগরী অধিকর্তা মহানন্দ দেব্বর্মাও ভাষণ দেন। সভাপতিত্ব করেন কৈলাসহর পুর পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মনীষচন্দ্র সাহা। নবনির্মিত সাব-স্টেশনটি কৈলাসহর পুর এলাকায় গড়ে উঠেছে।

****

সংসদ-শীতকালীন অধিবেশন :

সংসদের শীতকালীন অধিবেশন আজ শুরু হচ্ছে। চলবে ৫ই জানুয়ারী পর্যন্ত। সংসদের উভয় কক্ষের অধিবেশন সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে গতকাল সর্বদলীয় বৈঠক অনুষ্ঠিত হয়। এবারের অধিবেশনে তিন তালাক বিষয়ক বিল এবং পিছিয়ে পড়া জাতি, কমিশনের সাংবিধানিক অবস্থান সম্বন্ধীয় আইন নিয়ে আলোচনা হতে পারে।

এদিকে, সংসদ বিষয়ক মন্ত্রী অনন্ত কুমার বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সংসদের অধিবেশন সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সব রাজনৈতিক দলের প্রতি অনুরোধ জানিয়েছেন ।

****

গুজরাট :

গুজরাট বিধানসভা নির্বাচনের দ্বিতীয় তথা শেষ পর্যায়ের ভোট গ্রহণ গতকাল শেষ হয়েছে। উত্তর ও মধ্য গুজরাটে ৯৩টি আসনের জন্য গতকাল ভোট নেয়া হয়। শেষ পর্যন্ত পাওয়া খবর অনুযায়ী ভোটের হার ৬৮.৭%। সকাল ৮টা থেকে বিকেল ৫টা পর্যন্ত শান্তিপূর্ণভাবেই ভোট নেয়া হয়। আজ ৮৫১ জন প্রার্থীর ভাগ্য নির্ধারিত হয়েছে। এর মধ্যে উল্লেখযোগ্য প্রার্থীরা হলেন, উপমুখ্যমন্ত্রী নীতিন প্যাটেল, কংগ্রেসের অল্পেশ ঠাকুর এবং নির্দল প্রার্থী জিগ্নেশ মেওয়ানী। এদিকে, যান্ত্রিক ত্রুটির কারণে জামযোধপুর নির্বাচনী ক্ষেত্রে ২টি বুথে, উনায় ২টি বুথে, নিজ্জর ও উমরগামে একটি করে বুথে পুনরায় ভোট নেয়া হবে। উল্লেখ্য, গত ৯ই ডিসেম্বর গুজরাটে ৮৯টি আসনে প্রথম দফার ভোট নেয়া হয়। ভোট পড়েছিল ৬৮%। ভোট গণনা হবে আগামী ১৮ই ডিসেম্বর।

****

প্রধানমন্ত্রী :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গতকাল মুম্বাই-এর নৌ বন্দরে ডুবোজাহাজ INS কালভারী কে জাতির উদ্দেশ্যে উৎসর্গ করলেন। এটি একটি ঐতিহাসিক সাফল্য বলে বর্ণনা করে প্রধানমন্ত্রী নৌ সেনাকে দেশের হয়ে অভিনন্দন জানান। তিনি বলেন, Make in India-র প্রকৃষ্ট উদাহরণ হল এই INS কালভারী। এই প্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেন, সমুদ্র পথে সন্ত্রাসবাদ, মাদক চোরাচালান, দস্যুবৃত্তি তথা বেআইনী মাছ ধরা প্রতিরোধ করতে ভারত এক উল্লেখযোগ্য ভুমিকা পালন করছে। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে প্রতিরক্ষামন্ত্রী নির্মলা সীতারমন বলেন, নৌ সেনার অমূল্য সম্পদ হল এই ডুবো জাহাজ INS কালভারী।

****

জেটলী :

কেন্দ্রীয় অর্থমন্ত্রী অরুণ জেটলী গতকাল বলেছেন, ভারতে বিগত বছরগুলির তুলনায় ২০১৭ সালে অনেক বেশী পরিকাঠামোগত উন্নয়ন ঘটেছে। নতুন দিল্লীতে ফিকির বার্ষিক সাধারণ সভার বক্তব্য রাখছিলেন শ্রী জেটলী। তিনি বলেন, ভারতে এখন রাজনৈতিক স্থিতিশীলতা এসেছে। শ্রী জেটলী বলেন, ব্যাঙ্কগুলিকে শক্তিশালী করাকে সরকার অগ্রাধিকার দেয়। তিনি রেল ও

শহরাঞ্চলের পরিকাঠামোর উন্নয়নের উপরও জোর দেন। তিনি আরো বলেন যে সমাজে নিয়ম পালন করা হয়না, সেখানে কর ব্যবস্থাকে যুক্তিসঙ্গত করা খুবই কঠিন।

****

হস্ততাঁত বস্ত্রমেলা:

আগামীকাল খোয়াইয়ের সুভাষ পার্কে বিশেষ হস্ততাঁত ও বস্ত্রমেলা শুরু হবে। ১৪ দিনব্যাপী এই মেলা চলবে ২৯ ডিসেম্বর পর্যন্ত। রাজ্য সরকরের হস্ততাঁত, হস্তকারু ও রেশম শিল্পদপ্তর এবং ভারত সরকারের বস্ত্র–মন্ত্রনালয় যৌথভাবে এই মেলার আয়োজন করছে। এই মেলাকে সফল করতে গতকাল খোয়াই পঞ্চায়েত সমিতির সভাকক্ষে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

****

মহিলা ক্রিকেট :

মহিলাদের সিনিয়র ক্রিকেটের সীমিত ওভারের আসর থেকে ত্রিপুরা বিদায় নিয়েছে। রানের গড়ের হিসেবে রাজ্যদল আসরের প্লেট পুলে তৃতীয় স্থান দখল করে। গতকাল কলকাতার ইডেন উদ্যানে, গ্রুপের শেষ খেলায় রাজ্যদল ১ উইকেটে গোয়ার কাছে পরাজিত

হয়। ব্যাট করার সিদ্ধান্ত নিয়ে রাজ্যদল ২৮ ওভার ৫ বল-এ সবকটি উইকেট হারিয়ে মাত্র ৬৩ রান করে। জবাবে খেলতে নেমে গোয়া ২১ ওভার ৩ বল-এ ৯ উইকেট হারিয়ে জয়ের লক্ষ্য পূরণ করে। ফলে ত্রিপুরার সাথে বাংলা ও গোয়া ১৪ পয়েন্ট সংগ্রহ করে। পরে রানের গড়ে রাজ্যদল তৃতীয় স্থানে থেকে অভিযান শেষ করে।

****

****